তারিখ 2· 1-JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক সংবাদ

# উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া সমন্বয় করা যায়নি

।। সারোয়ার হোসেন ।।

দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে চলতি শিক্ষাবর্ষে ভর্তি প্রক্রিয়া সমন্বয় করা সম্ভব হয়নি। তবে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান-গুলোতে যাতে আসন নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রেখে এসব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির তারিখ নির্ধারণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গত বুধবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ ও মেডিক্যাল কলেজসমূহের অধ্যক্ষদের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাড়া অন্যসব উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান তাদের ভর্তির তারিখ চূড়ান্ত করেছে। খুব শিগগিরই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও ভর্তির তারিখ ঘোষণা করা হবে। সভা সূত্রে জানা গেছে, এসব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া সমন্বয় করে একটি পরীক্ষার মাধ্যমে ছাত্র ভর্তির চেষ্টা করা হবে।